# Times Today BD

ডেস্ক রিপোর্ট | ময়মনসিংহ | 07 April, 2025

শেরপুরের ঝিনাইগাতী উপজেলার গ্রীন সোলজার পাবলিক স্কুল 'গ্লোবাল স্ট্রাইক ফর প্যালেস্টাইন' কর্মসূচির অংশ হিসেবে গাজায় চলমান ইসরায়েলি আগ্রাসন ও সহিংসতার প্রতিবাদে মানববন্ধন ও র‍্যালির আয়োজন করেছে।সোমবার সকাল ১১টায় স্কুল মাঠ থেকে একটি বিক্ষোভ র‍্যালি বের হয়ে উপজেলা পরিষদ চত্বর প্রদক্ষিণ করে।এতে স্কুলের পরিচালক, শিক্ষক, শিক্ষার্থী, অভিভাবকসহ স্থানীয় জনগণ অংশ নেন।

র‍্যালি ও মানববন্ধনে অংশগ্রহণকারীরা 'স্টপ জেনোসাইড', 'ফ্রি ফ্রি প্যালেস্টাইন', 'নো ওয়ার, নো ক্রাই' -ইত্যাদি স্লোগান ও ব্যানার নিয়ে প্রতিবাদ জানান।ব্যানারে ফুটে ওঠে গাজার শিশুদের বেদনাদায়ক চিত্র ও মানবাধিকার লঙ্ঘনের বাস্তবতা।

অনুষ্ঠানে গ্রীন সোলজার পাবলিক স্কুলের পরিচালক মো: আল আমিন বলেন, "ইসরায়েলের আগ্রাসনে গাজায় শিশু, নারী, বৃদ্ধ-কেউ রেহাই পাচ্ছে না।অথচ বিশ্ব মানবাধিকার সংস্থাগুলো এখন নীরব।জাতিসংঘ, ওআইসি ও মুসলিম বিশ্বের রাষ্ট্রপ্রধানদের আমরা জবাবদিহি চাই।"
তিনি আরও বলেন, "আমরা চাই গাজায় এই বর্বরতা বন্ধ হোক, শিশুদের নিরাপত্তা নিশ্চিত হোক এবং ফিলিস্তিনিদের স্বাধীনতা স্বীকৃতি পাক।বিশ্ব নেতাদের এখনই কার্যকর পদক্ষেপ নিতে হবে।"
প্রধান শিক্ষক আবুল কাসেম বলেন, "ইউক্রেনে হামলার সময় বিশ্ব যতটা সোচ্চার ছিল, গাজার ক্ষেত্রেও একই মানবতা দেখানো উচিত।শান্তিচুক্তি লঙ্ঘন করে ইসরায়েল যে বর্বরতা চালাচ্ছে, তা মানবতার বিরুদ্ধে স্পষ্ট অপরাধ।"

এই কর্মসূচির মাধ্যমে গ্রীন সোলজার পাবলিক স্কুল গাজায় নিরীহ মানুষের পাশে দাঁড়িয়ে মানবিক চেতনার প্রকাশ ঘটিয়েছে।দিনব্যাপী কর্মসূচির প্রথম দিন শেষে র‍্যালিটি ঝিনাইগাতী বাজারের গুরুত্বপূর্ণ স্থানে পদক্ষিণ করে বিদ্যালয়ে ফিরে আসে এবং প্রধান শিক্ষক সমাপ্তি ঘোষণা করেন।

গাজা ফিলিস্তিন ইসরায়েল হামাস নিউ ইয়র্ক জাতিসংঘ ডোনাল্ড ট্রাম্প বিশ্ব সংবাদ ইসরাইল ফিলিস্তিন যুদ্ধ,ইরান-ইসরায়েল উত্তেজনা

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 09:29

URL: https://www.timestodaybd.com/public/mymensingh/775807447